জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.২৩.০০২.১৭ তারিখ- /০৮/২০২০ খ্রিঃ

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২০' পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ দেলওয়ার হায়দার<br>চেয়ারম্যান,<br>জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। |
| তারিখ | ঃ | ১২/০৮/২০২০ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১০.৩০ টা |
| সভার স্থান | ঃ | সভাকক্ষ। |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২০' পালন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতোমধ্যে কর্মসূচী চূড়ান্ত করা হয়েছে এবং তার ধারাবাহিকতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যে কর্মসূচি চূড়ান্ত করা হয়েছে। প্রণীত কর্মসূচি অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে পালন ও বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলের সু-চিন্তিত মতামত প্রদানের জন্য আহবান জানানো হয়। ১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্তে আলোচনাক্রমে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | ১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে গৃহায়ন ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | সূর্যোদয়ের সাথে সাথে গৃহায়ন ভবন এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সকল ডিভিশন ও মাঠ পর্যায়ের অফিসের ভবনসমূহে জাতীয় পতাকা যথাযথ মর্যাদায় অর্ধনমিত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/নির্বাহী প্রকৌশলী (সকল)/অফিস প্রধান (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। |
| ০২ | জাতীয় শোক দিবস পালনের ব্যানার এবং কালোব্যাচ প্রস্তুত। | জাতীয় শোক দিবস পালনের মানানসহ ব্যানার এবং কালোব্যাচ প্রস্তুতের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মনোগ্রাম সম্বলিত (১২' x ৩') ফুট সাইজের মানানসই ব্যানার এবং কালোব্যাচ প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সাধারণ সম্পাদক (জাগৃক) কর্মচারী ইউনিয়ন। |
| ০৩ | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ। | ১৫ আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কালোব্যাচ ধারণ পূর্বক পুস্পস্তবক অর্পণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মানানসই ব্যানারসহ পুস্পস্তবক অর্পণ বিষয়ে কর্তৃপক্ষের ঢাকাস্থ অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সকাল ৬.৩০ টার মধ্যে পশ্চিম পান্থপথ সংলগ্ন লাজ ফার্মার সম্মুখে কালোব্যাচ ধারণ পূর্বক উপস্থিত থাকবেন। অতঃপর সম্মিলিতভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হবে।<br>(খ) এতদবিষয়ে প্রশাসন উইং থেকে একটি জরুরী অফিস আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা/সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। | (ক) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ঢাকাস্থ সংশ্লিষ্ট সকল অফিস প্রধান।<br>(খ) প্রশাসন উইং, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। |

চলমান পাতা-২

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত কমিটি গঠন। | জাতীয় শোক দিবস এর কর্মসূচী সুচারুরূপে পালনের নিমিত্ত একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা।' | জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>০১. সদস্য (প্রশাসন ও অর্থ), আহবায়ক।<br>০২. পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), সদস্য।<br>০৩. পরিচালক (প্রশাসন ও অর্থ), সদস্য।<br>০৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল, সদস্য।<br>০৫. উপ-পরিচালক-১ (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), সদস্য।<br>০৬. নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, সদস্য।<br>০৭. সহকারী প্রকৌশলী, ঢাকা সার্কেল, সদস্য।<br>০৮. জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ১ম শ্রেণীর কর্মকর্তা এসোসিয়েশনের সভাপতি/সাধারণ সম্পাদক।<br>০৯. জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ডিপ্লোমা প্রকৌশলী এসোসিয়েশনের সভাপতি/সাধারণ সম্পাদক।<br>১০. জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্মচারী ইউনিয়নের সভাপতি/সাধারণ সম্পাদক।<br>১১. আইন কর্মকর্তা, সদস্য সচিব।<br>উক্ত কমিটি দিবসটির তাৎপর্য বিবেচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সংশ্লিষ্ট কমিটি। |
| ০৫ | জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও আদর্শ নিয়ে আলোচনা সভা। | জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগষ্ট ২০২০ তারিখ বিকাল ৩.০০ মিনিটে বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও আদর্শ নিয়ে আলোচনা সভার আয়োজন করা হবে মর্মে আলোচনা করা হয়। এতদবিষয়ে প্রধান আলোচক নির্ধারণ ও আলোচনা অনুষ্ঠানের যাবতীয় কার্যক্রম পরিচালনার নিমিত্ত একটি কমিটি গঠনের প্রস্তাবনা করা হয়। | বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও আদর্শ নিয়ে আলোচনা সভার আয়োজনের জন্য প্রধান আলোচক নির্ধারণ ও আলোচনা অনুষ্ঠানের যাবতীয় কার্যক্রম পরিচালনার নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়ঃ<br>১. পরিচালক (প্রশাসন ও অর্থ), আহবায়ক।<br>২. নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন, সদস্য।<br>৩. আইন কর্মকর্তা, সদস্য সচিব। | সংশ্লিষ্ট কমিটি। |
| ০৬ | বিভাগীয়/জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন এবং আয়োজীত অনুষ্ঠানসমূহে সরকারী কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণ। | বিভাগীয়/জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্জাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন, জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রনয়ন ও বাস্তবায়ন এবং বিভাগীয়/জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সার্কেল/ডিভিশন/মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণ। | বিভাগীয়/জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন, জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রনয়ন ও বাস্তবায়ন এবং জেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে এ কর্তৃপক্ষের আওতাধীন সার্কেল/ডিভিশন এর কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কমিশনার/জেলা প্রাশাসকের সাথে সমন্বয় রেখে অনুষ্ঠানের আয়োজন করতে হবে। দিবসটি যথাযথভাবে পালনের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভাগীয়/জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করবেন। | জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের আওতাধীন সকল সার্কেল/বিভাগ ও মাঠ পর্যায়ের অফিসসমূহ। |

জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে আন্তরিকতার সাথে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(মোঃ দেলওয়ার হায়দার)

চেয়ারম্যান

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

৮২, সেগুনবাগিচা, ঢাকা।

চলমান পাতা-৩

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.২৩.০০২.১৭. ৩৯৯/১(৩৪)　　　　　　　　তারিখ-১২ /০৮/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সদস্য (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(প্রকৌশল ও সমন্বয়)/(পরিকল্পনা, নক্শা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সমন্বয় ও উন্নয়ন/ঢাকা সার্কেল/পরিকল্পনা, নক্শা ও বিশেষ প্রকল্প/রাজশাহী/চট্টগ্রাম জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সভার কার্যবিবরণীর ক্রম-৩ এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৩। পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(প্রশাসন ও অর্থ), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৪। উপ-প্রধান স্থপতি, স্থাপত্য শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৫। নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন/ঢাকা ডিভিশন-১/২/মিরপুর গৃহসংস্থান বিভাগ-২/ই, এম /সিলেট/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/দিনাজপুর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সভার কার্যবিবরণীর ক্রম-৩ এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৬। সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৭। উপ-পরিচালক (অর্থ ও হিসাব)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১/২), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৮। আইন কর্মকর্তা, আইন কোষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৯। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

১০। প্রপার্টি ফাইন্যান্সিয়াল ম্যানেজার (ডুইপ), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, ১ম শ্রেণী কর্মকর্তা এসোসিয়েশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, সেগুনবাগিচা, ঢাকা।

১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্মচারী ইউনিয়ন, (কেন্দ্রিয় শ্রমিক লীগ এর অন্তর্ভূক্ত) সেগুনবাগিচা, ঢাকা।

১৪। তত্ত্বাবধায়ক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

১৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

12.08.2020

(গুলরুখ খাদিজা জাহান)
উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
ফোন-০২-৯৫৭৬৫১৮
ই-মেইল-dd_at@nha.gov.bd